Prudent management marks the affairs of Dinajpore Bank Ltd.—Hindusthan Standard.

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান,

"দিনাজপুর ব্যাঙ্ক লিঃ"

( সিডিউল্ড ও ক্লিয়ারিং )

হেড অফিস :— ১১, ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ :— জলপাইগুড়ি, রামপুরহাট, রায়গঞ্জ, জঙ্গিপুর, রাজসাহী, দিনাজপুর, পার্ব্বতীপুর, আলিপুর দুয়ার, ভবানীপুর ( কলিকাতা )

স্থায়ী আমানতের বিবরণ স্থানীয় ম্যানেজারের নিকট জ্ঞাতব্য

Managing Director :—J. M. Sen, Ex. M. L. C.

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

মণিগ্রামের প্রসিদ্ধ

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন আবিষ্কৃত

সোণামুখী

কেশ তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট। মূল্য প্রতি শিশি ১৲ টাকা

প্রাপ্তিস্থান—দশভুজা ঔষধালয়

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম ( মুর্শিদাবাদ )

৩৫শে বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১২ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৫৫ ইংরাজী 26th May. 1948 { ২য় সংখ্যা

আপনার

কম খরচার খাজাঞ্চী

## ঢাকুরিয়া ব্যাঙ্কিং করপোরেশন লিমিটেড

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোনঃ কলিকাতা ১৭৪৪ টেলিগ্রামঃ ষ্ট্রংরুম

শাখাসমূহ

ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, ( এস, পি ), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ ), সোনারপুর।

| সুদের হার— | | স্থায়ী আমানত :— |
|---|---|---|
| কারেণ্ট | ১৲ শতকরা | ৩ মাসের জন্য ৩৷০ টাকা শতকরা |
| সেভিংস | ৩৲ ,, | ৬ ,, ,, ৪৲ ,, ,, |
| হোম- | | ১ বৎসরের ,, ৫৲ ,, ,, |
| সেভিংস | ৩৲ ,, | ২ ,, ,, ৫৷০ ,, ,, |
| | | ৩ ,, ,, ৬৲ ,, ,, |

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এন, চ্যাটার্জ্জি এফ, আর, ই, এস ( লণ্ডন )

## ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১২ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৫৫ সাল

## স্বাধীনতার স্বাদ

দীর্ঘকালের সাধনা ও সংগ্রামের পর ভারতবর্ষে বৃটিশ রাজত্বের অবসান হইয়াছে। বিদেশী শাসক শাসনের বেনামীতে শোষণের যে সর্ব্বনাশা জাল বিস্তার করিয়াছিল আজ তাহা বহুলাংশে ছিন্ন ভিন্ন হইয়া গিয়াছে। ক্ষমতা-দৃপ্ত রাজপুরুষদের দম্ভোক্তি আমাদিগকে হেয় করে না—তাঁহাদের অত্যাচার আমাদের যাত্রাপথে বাধা সৃষ্টি করে না, সর্ব্বক্ষেত্রে তাঁহাদের প্রতিক্রিয়াশীল নীতি আমাদের জাতীয় জীবনের পরিপূর্ণ বিকাশকে ব্যাহত করিতে পারে না। জাতিকে গঠন করার, হৃত সর্ব্বস্ব ভারতবাসীকে স্বাধীনতার আস্বাদ দেওয়ার গুরুদায়িত্ব অর্পিত হইয়াছে আমাদেরই শ্রদ্ধেয় নেতাদের উপর। যাঁহারা দেশকে প্রাণ দিয়া ভালবাসিয়াছেন, দেশবাসীর দাসত্বের শৃঙ্খল মোচনের জন্য যাঁহারা বহুপ্রকার নির্য্যাতন ও দুঃখ ভোগ করিয়াছেন আজ রাষ্ট্রের পূর্ণ কর্তৃত্ব তাঁহাদেরই হাতে।

দেশবাসীর অন্ন বস্ত্রের সংস্থান নাই, দারিদ্র্য আজ সহ্য সীমা অতিক্রম করিয়াছে, দুঃখ কষ্টের পর্ব্বত প্রমাণ বোঝা আর তাহারা বহিতে পারে না। ভারতবাসী বলিতে যদি কয়েকজন বিত্তশালী ব্যক্তিকে বুঝাইত তাহা হইলে সমস্যা সমাধানে বিন্দুমাত্র বিলম্ব ঘটিত না, বর্ত্তমান যুগে আমরা দেশবাসী বলিতে বুঝি প্রধানতঃ সেই সব অতি সাধারণ লোককে যাহারা "শুধু দু'টি অন্ন খুঁটী কোন মতে কষ্ট ক্লিষ্ট প্রাণ রেখে দেয় বাঁচাইয়া।" দারিদ্র্য-ক্লিষ্ট দেশবাসীর কাছে শুধু রাজনৈতিক স্বাধীনতা এক অর্থহীন প্রহেলিকা।

এতদিন বিদেশী শাসকের উপর সর্ব্বসমস্যা সমাধানের দায়িত্ব চাপাইয়া যে কৈফিয়তের জোরে তর্কে জয়লাভ করা চলিত আজ তাহা অচল। দরিদ্র দেশবাসীকে সুখী, শিক্ষিত ও স্বাস্থ্যবান করিতে হইলে বহু বাধা অতিক্রম করিতে হইবে, বহু ছদ্মবেশী প্রতিক্রিয়াশীল শক্তির সম্মুখীন হইতে হইবে, সমস্যাগুলির মূলোৎপাটন করিতে হইলে বলিষ্ঠ কর্ম্মপন্থা অবলম্বন করিতে হইবে।

আজ উপদলীয় ষড়যন্ত্রে নেতৃত্বকে দুর্ব্বল হইতে দিলে চলিবে না। দুর্ভাগা ভারতবর্ষে বিশেষ করিয়া এই বাংলাদেশে দল উপদলের অন্ত নাই। 'দক্ষিণ" ও "বামের" মধ্যেও বহু শাখা প্রশাখা বাহির হইয়া তাল-গোল পাকাইয়া দিয়াছে। দেশের কল্যাণ সকলেরই কাম্য হইলেও দলগত বিরোধ ও ক্ষমতা-স্পৃহা মাঝে মাঝে এরূপ কদাকার হইয়া পড়ে যে মনে হয় দেশপ্রেম ও জন-সেবা আমাদের কাছে গৌণ। জনমতকে কুম্ভকারের কাদার মত ভাবিতে অভ্যস্ত হইয়াছি বলিয়া দেশপ্রেমের ঢাক ঢোল বাজাইয়া আদর্শকে জবাই করিতে এতটুকু ভয় করি না। জনসাধারণ শিক্ষিত হইলে এবং নিজ অধিকার সম্পর্কে সজাগ ও সতর্ক থাকিলে এইরূপ উপ-দলীয় চক্রান্ত এত উগ্র ও কদাকার হইতে পারে না। এতদিন ভিক্ষার ঝুলি কাঁধে লইয়া বিদেশী শাসক ও এ দেশী রাজপুরুষদের কাছে আমরা অভাব অভিযোগের প্রতিকারের জন্য প্রার্থনা করিয়া আসিয়াছি, ব্যর্থ হইলে দোষ চাপাইয়াছি—অদৃষ্টের ঘাড়ে। আজ সে যুগের অবসান হইয়াছে, ভিক্ষুকের হীন ও দুর্ব্বল মনোবৃত্তি দূর করিতে হইবে। নিজেদের পূর্ণ অধিকার কড়ায় গণ্ডায় আদায় করিবার জন্য রাষ্ট্রের যেখানে যে গলদ, সে সব উৎখাত করিবার জন্য আজ জাগ্রত জনমতের দুর্ব্বার দাবী সঙ্ঘবদ্ধভাবে পেশ করিতে হইবে। গণতান্ত্রিক রাষ্ট্রের কর্ণধারদের সমগ্র শক্তির একমাত্র উৎস জনসাধারণ। তাঁহাদের মধ্যে কোন বিষয়ে দুর্ব্বলতা বা ঔদাসীন্যতা দেখা দিলে জাগ্রত জনমতের হুঙ্কারে সমস্তই চাঙ্গা হইয়া যায়। জনসাধারণের কর্ত্তব্যবোধ জাগিলে নেতৃত্বের দোষ ত্রুটি কিংবা ছোট বড় সরকারী কর্ম্মচারীর গলদ ও কর্ম্মবিমুখতা মারাত্মক হইতে পারে না।

আজ সকলকেই ভাবিতে হইবে, গভর্ণমেণ্ট আমাদেরই। এর সাফল্যের গৌরব ও ব্যর্থতার গ্লানি দুইয়েরই অংশ সমানভাবে আমাদের প্রাপ্য। দেশবাসীর সম্মুখে যে সকল কঠিন ও জটিল সমস্যা রহিয়াছে তাহার সমাধানের জন্য রাষ্ট্রের সহিত জনসাধারণের অকুণ্ঠ সহযোগিতার দরকার। আমরা ঘুমাইয়া থাকিব আর নেতারা নিদ্রাহীন রাত্রি যাপন করিয়া যাদুবলে আমাদের সুখ সুবিধার ব্যবস্থা করিয়া দিবেন—ইহা বাতুলের স্বপ্ন। সরকারী কর্ম্মচারীদিগকেও পুরাতন সঙ্কীর্ণ মনোবৃত্তি ও আমলাতান্ত্রিক আচার-আচরণ ত্যাগ করিয়া স্বাধীন দেশের নূতন পরিবেশের সহিত খাপ খাওয়াইয়া চলিতে হইবে। শুধু নামে মাত্র "পাবলিক সার্ভেণ্ট" সাজিয়া যাঁহারা এতদিন পাবলিকেরই ঘাড়ে পা দিয়া পদমর্য্যাদা ও স্বাতন্ত্র্য রক্ষা করিয়াছেন তাঁহাদিগকে সত্যিকার জন-সেবক হইতে হইবে। দম্ভ আমরা অনেক দেখিয়াছি, আমলাতান্ত্রিক উদ্ধত মেজাজ এতদিন আমাদের জীবন অভিশপ্ত করিয়াছে। আজ স্বাধীন দেশের স্বাধীন মানুষ তাঁহাদের কাছে দাবি করে মানুষের অধিকার মনুষ্যত্বের মর্য্যাদা।

---

শুভ সংবাদ ! শুভ সংবাদ !!

### বহরমপুরে বরফ

গ্রাহকগণ সত্বর হউন

### বহরমপুর আইস্ কোম্পানী

খাগড়া বাঁশহাট্টা লেন।

---

## নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৪ই জুন ১৯৪৮

১৯৪৮ সালের ডিক্রীজারী

১৯৫ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং সোহাগী বেওয়া দাবি ১২৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নাজিরপুর ৬ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ৭

১৯৬ থাং ডিঃ ঐ দেং যোগেন্দ্র দাস দিং দাবি ২২৫৶৩ থানা ঐ মৌজে তালাই ২-১০ শতকের কাত ২৷৵০ আঃ ১৫৲ খং ২৩৭

১৯৯ থাং ডিঃ ঐ দেং তিনকড়ি সরকার দিং দাবি ৫৮৫৶৬ মৌজাদি ঐ ১-৯৯ শতকের কাত ১১৷৩ আঃ ৫০৲ খং ৩৫৪

২০০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫১৸০ মৌজাদি ঐ ১-৯৩ শতকের কাত ৯৷৵০ আঃ ৪০৲ খং ৩৫২

১৯৮ থাং ডিঃ অভয়পদ বন্দ্যোপাধ্যায় দেং সুকুমারী রায় দাবি ২৭৷৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাটনাই ১-৩৩ শতকের কাত ৪৲ আঃ ২৫৲ খং ৩১৪

২০৪ থাং ডিঃ হৃদয়মোহন মজুমদার দিং দেং অহেদ সেখ দিং দাবি ২৩৷৶৩ থানা সুতী মৌজে জগতাই ২৬ শতকের কাত ৪৵১০ আঃ ১৫৲ খাং ৩২১

২০৫ থাং ডিঃ ঐ দেং পূর্ণশশী রায় দাবি ২৬৸৵৩ মৌজাদি ঐ ৩০ শতকের কাত ৫॥০ আঃ ১৫৲ থং ৩২৬

২০৬ থাং ডিঃ ঐ দেং একদিল সেখ দিং দাবি ২৭॥৵৯ মৌজাদি ঐ ৩১ শতকের কাত ৫॥০ আঃ ১৫৲ থং ৩২০

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ২১শে জুন ১৯৪৮

### ১৯৪০ সালের ডিক্রীজারী

৩৯১ থাং ডিঃ কমন ম্যানেজার গোবিন্দ চৌধুরী দিং দেং রাধাবল্লভ কুনাই দিং দাবি ৪৫৸৶৩ থানা সাগরদীঘি মৌজে কৈয়র ১-৫০ শতকের কাত ৫।৵০ আঃ ৩০৲ থং ৬৩৪

### ১৯৪৭ সালের ডিক্রীজারী

২৯৯ থাং ডিঃ নকড়িচন্দ্র চক্রবর্ত্তী দেং জগদিন্দ্রনাথ চৌধুরী দাবি ৭৩৸৶০ থানা সাগরদীঘি বড়গড়া দিং মৌজাদির জমা ১২৫৲ আঃ ৫০৲ থং ৫৩৫।২৫৬

৬২২ থাং ডিঃ বীরেন্দ্রনাথ মাহাতা দেং মৃণালিনী দেবী দাবি ১৯৸৵৯ থানা সাগরদীঘি মৌজে খেরুর ২-৫৪ শতকের কাত ১২৸৬ আঃ ১০৲ থং ৪৭৪

### ১৯৪৮ সালের ডিক্রীজারী

৬৩ থাং ডিঃ সেবাইত প্রমথনাথ মাহাতা দিং দেং মাতোয়ালী মহাম্মদ ইয়াদ হোসেন দাবি ২০।৶৬ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৭-৯০ শতকের সেস জমা ২॥৶১০ আঃ ৫৲ থং ৫৩৩

১৪৮ থাং ডিঃ কমন ম্যানেজার সতীনাথ বাগচী দেং নলিনী চৌধুরী দিং দাবি ২৭।৶০ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৯৫ শতকের কাত ২॥৵০ আঃ ৫৲ থং ১৯০

১৫১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬০॥০ মৌজাদি ঐ ২-৩২ শতকের কাত ৮৸৬ আঃ ২৫৲ থং ১৮৮

২১১ থাং ডিঃ ঐ দেং স্বর্ণলতা দেবী দাবি ৩৭৵০ থানা ঐ মৌজে ব্রাহ্মণীগ্রাম ৯৫ শতকের কাত ৪॥৵০ আঃ ২৫৲ থং ৩৫১

৩৩ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং সরো বেওয়া দাবি ১১॥/৯ থানা ফরেকা মৌজে গোবিন্দরামপুর ২৯ শতকের কাত ॥৶৩ আঃ ১০৲ থং ৪৬

৬১ থাং ডিঃ ঐ দেং রমণীকান্ত পাল দিং দাবি ২১।৶০ থানা সমসেরগঞ্জ মৌজে ঘোড়ামাড়া ১-৬১ শতকের কাত ৪॥৵০ আঃ ২০৲ থং ৩৮৩

১৩১ থাং ডিঃ কুমার নৃপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং লক্ষ্মীনারায়ণ সিংহ দিং দাবি ২৪৸৵০ থানা সমসেরগঞ্জ মৌজে বহড়াগাছী ১-৭ শতকের কাত ৩৵৩ আঃ ২০৲ থং ৪৮

১৩৩ থাং ডিঃ ঐ দেং ওয়াজেদ আলি চৌধুরী দিং দাবি ৩৯৸৶৬ থানা ফরেকা মৌজে ফতেপুর ৩-৩ শতকের কাত ৭॥/১৭॥ আঃ ৪০৲ থং ১০০৪

২৪৭ থাং ডিঃ মাতয়ালী মৌলবী মরতুজারেজা চৌধুরী দিং দেং দুর্গা মাঝি দাবি ৫১৵৩ থানা ফরাক্কা মৌজে লক্ষ্মীপুর ২-৬৩ শতকের কাত ৮॥/৯ আঃ ২৫৲

১ মণি জারি ডিঃ লুটুবিহারী দত্ত দেং সতীশচন্দ্র মুখোপাধ্যায় দিং দাবি ১০৪॥/৩ থানা সুতী মৌজে সাদিকপুর ৭-৬৬ শতকের কাত ১৮৲১০ আঃ ৩৫৲ থং ৭১৫ অধীনস্থ খতিয়ান ৭১৬, ৭১৭, ৭১৮ রায়ত মধ্য স্বত্বাধিকারী মোকররী নহে

২ মণি জারী ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৮৸৬ মৌজাদি ঐ ২-৩৩ শতকের কাত ৪৶ আঃ ২৫৲ থং ৫২৬ রায়ত স্থিতিবান

১৩৮ থাং ডিঃ ইদ্রিশ মহাম্মদ মণ্ডল দেং দানেশ মহাম্মদ মণ্ডল দিং দাবি ১২০৶ থানা সাগরদীঘি মৌজে ডিঙ্গালী ৪-৮৫ শতকের কাত ২১৶ আঃ ১০০৲ থং ১৩

১৫৭ থাং ডিঃ হাজী সেখ আবদুল আজিজ দিং দেং মৃণালিনী দেব্যা দিং দাবি ৪১॥/০ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৭০ শতকের কাত ৩৸৵০ আঃ ১৫৲ থং ৫৮

২১ মণি ডিঃ ইউসফ বিশ্বাস দেং আবদুল গোফুর সেখ দাবি ৯৯॥৵৬ থানা সমসেরগঞ্জ মৌজে শিকদারপুর ৫৯ শতকের কাত ১৸১১ তন্মধ্যে নিজ অংশ ১/২৸০ জমির কাত হারাহারি মতে জমা ১৵১০ থং ১৪৫ ২নং লাট মৌজাদি ঐ ৫২ শতক জমির মধ্যে ৩২ শতক হারাহারি জমা ১৵০ আঃ ১০৲ থং ৯ রায়ত স্থিতিবান

২০৮ থাং ডিঃ ব্রহ্মানন্দ রায় চৌধুরী দিং দেং উমাপতি মুখোপাধ্যায় দাবি ১৯৩॥/০ থানা সাগরদীঘি মুর্শিদাবাদ কালেক্টারীর ২৭৯ নং তৌজির দেবগ্রাম মৌজা ৯নং থং, বেলসণ্ডা মৌজা ৩৮নং থং, ধুমুয়া মৌজা ৯নং থং ও দুর্গাপুর মৌজা ৯নং থং অন্যান্য মৌজাভুক্ত দরপত্তনী জোত খাজনা ১১২॥১০ আঃ ১৫০৲

---

## শিক্ষার জন্য দান

বিক্রমপুর পরগণার বেজগাঁ নিবাসী বিশিষ্ট ব্যবসায়ী শ্রীযুত রাজেন্দ্রনাথ চট্টোপাধ্যায় দক্ষিণ কলিকাতার সাদার্ণ একাডেমী নামক উচ্চ ইংরাজী বিদ্যালয়ের উন্নতি ও প্রসার কল্পে সম্প্রতি পঞ্চাশ হাজার টাকা দান করিয়াছেন। তিনি ইতিপূর্ব্বেও কয়েকটী জনহিতকর প্রতিষ্ঠানে অর্থ-সাহায্য করিয়াছেন।

---

## জঙ্গিপুর গ্রাম্য (মুসলমান) নির্ব্বাচকমণ্ডলীর উপ-নির্ব্বাচন

আগামী ১৪ই জুন সোমবার বাংলা ৩১শে জ্যৈষ্ঠ জঙ্গিপুর গ্রাম্য (মুসলমান) নির্ব্বাচকমণ্ডলীর উপ-নির্ব্বাচন হইবে। মাত্র দুইজন প্রার্থী দাঁড়াইয়াছেন—খান বাহাদুর এক্রামুল হক ও সৈয়দ বদরুদ্দোজা।

---

## পশ্চিমবঙ্গে মাদক দ্রব্য বর্জ্জন আন্দোলন

### শ্রীযুত নিশাপতি মাঝির বিবৃতি

পশ্চিম বাংলার সরবরাহ সচিবের পার্লামেণ্টারী সেক্রেটারী শ্রীযুত নিশাপতি মাঝি পশ্চিমবঙ্গে মাদক দ্রব্য নিবারণের উপর বিশেষ জোর দিয়া এক বিবৃতি দান করিয়াছেন।

বীরভূমের আবগারী লাইসেন্সপ্রাপ্তদের সম্মেলনে যোগদানের জন্য আমন্ত্রণ প্রত্যাখান করিয়া শ্রীযুত মাঝি বলেন যে, বীরভূম জেলায় প্রত্যেক বৎসর ১৩ লক্ষ টাকা মূল্যের মাদক দ্রব্য বিক্রীত হয়। কংগ্রেস মাদক দ্রব্যের ঘোরতর বিরোধী। কাজেই আবগারী বিভাগের ভার-প্রাপ্ত মন্ত্রীর পক্ষে সমগ্র প্রদেশে মাদক দ্রব্য নিবারণের জন্য অবিলম্বে একটি বিল আনয়ন এবং বীরভূম জেলায় উহার প্রথম প্রবর্ত্তনের প্রয়োজন।

## সুলভ আয়ুর্ব্বেদীয় কুটীর

এই স্থানে আয়ুর্ব্বেদমতে তরুণ ও পুরাতন এবং বহুবিধ জটিল ব্যাধির চিকিৎসা হইয়া থাকে। যাঁহারা অন্যস্থানে চিকিৎসা করাইয়া কোনও ফল পান নাই সেই সব রোগীকে আমার চিকিৎসা পরীক্ষা করিতে অনুরোধ করি।

দি মডার্ণ আয়ুর্ব্বেদিক কার্য্যালয় ও বিদ্যালয়
হইতে উপাধি প্রাপ্ত
কবিরাজ শ্রীবৈদ্যনাথ চক্রবর্ত্তী,
এম, আয়ুর্ব্বেদজ্ঞ
গাজিন, পোঃ নুরপুর, ( মুর্শিদাবাদ )

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
মূল্য ছয় পয়সা
পণ্ডিত প্রেসে পাইবেন।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী


জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত




## দি ওয়ার্ম ইণ্ডিকা ( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ